

শিক্ষার্থীদের দাবির মুখে বিএসপিআই অধ্যক্ষের পদত্যাগ

রাঞ্জমাটি প্রতিনিধি

২২ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেশময়



রাঞ্জমাটির কাণ্ডাই উপজেলার বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনসিটিউটের (বিএসপিআই) শিক্ষার্থীদের বিক্ষেভের মুখে পদত্যাগ করেছেন প্রতিষ্ঠানটির অধ্যক্ষ আবদুল মতিন হাওলাদার। গতকাল দুপুর ১টার দিকে তিনি পদত্যাগপত্র জমা দিয়ে প্রতিষ্ঠান ত্যাগ করেন।

এর আগে সকাল থেকে প্রতিষ্ঠানের জুনিয়র ইনস্ট্রাক্টর এজাবুর আলমের বিরুদ্ধে ঘোন হয়রানির অভিযোগ এনে পদত্যাগের দাবিতে ক্যাম্পাসে বিক্ষেভে নামেন কাণ্ডাই সুইডেন পলিটেকনিকের বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষার্থী। এ সময় শিক্ষার্থীদের বিক্ষেভ থামাতে ক্যাম্পাসে আসেন অধ্যক্ষ আবদুল মতিন হাওলাদার। বিক্ষুল্ল শিক্ষার্থীরা অধ্যক্ষ আবদুল মতিন হাওলাদারের পদত্যাগের দাবিতেও সেঁতুণ্গান দিতে থাকেন। অধ্যক্ষের পদত্যাগ না হওয়া পর্যন্ত বিক্ষেভ চালিয়ে যাওয়ার হৃশিয়ারি দেন শিক্ষার্থীরা।